দৈনিক সংবাদ

তারিখ .. 28 FEB 1993
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ৩ ...

# এক দেশে দশ রকম শিক্ষা পদ্ধতি থাকলে উন্নতি অসম্ভবঃ উপাচার্য

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৭শে ফেব্রুয়ারি।– "বৈষম্য-মূলক শিক্ষানীতির কারণে শিক্ষাক্ষেত্রে আমরা এগুতে পারছি না। একটা দেশে দশ রকম শিক্ষা পদ্ধতি থাকলে উন্নতি আশা করা যায় না। এছাড়া যারা প্রায়শঃ গণমুখী শিক্ষার কথা বলেন তাদের মধ্যেই রয়েছে স্ববিরোধিতা, বৈপরিত্য। আমলা ও ব্যবসায়ী শ্রেণীও শিক্ষার অধোগতির জন্য অনেকাংশে দায়ী।" গত ১৯শে ফেব্রুয়ারি বাকলিয়া সরকারী হাই স্কুলের পুনর্মিলনী উৎসবে প্রধান অতিথির ভাষণে কথাগুলো বলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রফিকুল ইসলাম চৌধুরী। তিনি আরও বলেন, আগে শিক্ষার দর্শন ছিল 'জ্ঞান'। তা এখন 'ডিগ্রী'। যেভাবেই হোক ডিগ্রী চাই। বাবা-মারাও এখন ডিগ্রীর কাঙাল। পরীক্ষার হলে বাবা-মা, ভাই-বোন, বন্ধু-বান্ধব ছুটে যান নকল সাপ্লাই দিতে। প্রাক্তন ছাত্র পরিষদের আহ্বায়ক আমিনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উৎসবের এ সভায় আরও বক্তব্য রাখেন সাবেক মন্ত্রী আরিফ মইনুদ্দীন, চট্টগ্রাম প্রেসক্লাবের সভাপতি আতাউল হাকিম, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি এম, নাসিরুল হক, বিদ্যালয়ের প্রথম প্রধান শিক্ষক বীরেন্দ্র লাল দাশ, বর্তমান প্রধান শিক্ষিকা নুরনাহার বেগম, পরিষদের সদস্য সচিব ডাঃ শাহাদাত হোসেন প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন প্রাক্তন ছাত্র সাংবাদিক কলিম সরওয়ার।

এর আগে জাতীয় দলীয় পতাকা উত্তোলন ও পায়রা উড়ানোর মধ্যদিয়ে দিনব্যাপী উৎসবের উদ্বোধন হয়। এ উপলক্ষে একটি বর্ণাঢ্য র‍্যালীও বের করা হয়। এছাড়া ছিল স্মৃতিচারণ ও সঙ্গীতানুষ্ঠান।